

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ সমূহ রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(২২) মসজিদের প্রতি অবহেলা প্রদর্শন করা

(২২) মসজিদের প্রতি অবহেলা প্রদর্শন করা:

বহু মসজিদ রয়েছে যেগুলোকে রক্ষণাবেক্ষণ করা ও পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার কোন ব্যবস্থা নেই। নির্দিষ্ট ইমাম, মুয়াযযিন ও খাদেম নেই। যার কারণে সময়মত আযান হয় না জামা'আতও হয় না। এগুলো আল্লাহর ঘরের প্রতি চরম অনীহা প্রদর্শন করার শামিল। সুতরাং মসজিদের মর্যাদা রক্ষা করা ঈমানী দায়িত্ব।

আয়েশা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) মহললায় মহললায় মসজিদ তৈরি করতে, তাকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে এবং তাতে সুগন্ধি ব্যবহার করতে নির্দেশ দিয়েছেন।[1]

সুধী পাঠক! মসজিদ পৃথিবীর সর্বশ্রেষ্ঠ স্থান। সর্বস্তরের মানুষ সেখানে উপস্থিত হয়। সেই স্থানটি যদি সুন্দরভাবে পরিচালিত হয় তাহলে সাধারণ জনগণের উপর দারুণ প্রভাব পড়বে। মুসলিম সমাজ শান্তির নীড়ে পরিণত হবে। কিন্তু সেই পবিত্র স্থানটিই আজ সবচেয়ে অবহেলিত। তাহলে মুসলিম উম্মাহর সফলতা আসবে কোথায় থেকে!

ফুটনোট

[1]. আবুদাউদ হা/৪৫৫; তিরমিয়া হা/৫৯৪; সনদ ছহীহ, মিশকাত হা/৭১৭; বঙ্গানুবাদ মিশকাত হা/৬৬৪, ২/২২১ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1863

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন